

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের প্রতিষ্ঠাবার্ষিকী, নবীনবরন ও সাংস্কৃতিক অনুষ্ঠান



৩০ জানুয়ারি, ২০১৯-বুধবার বেলা ১২.৩০ মিনিটে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের আয়োজনে এই সংগঠনের ১৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী, নবীনবরন ও সাংস্কৃতিক অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং অনুষ্ঠানের উদ্বোধন করেন সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি জনাব গোলাম কুদ্দুস।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের সভাপতি মোঃ মোকলেছুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনটির উপদেষ্টা এবং চারুকলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. বজলুর রশীদ খান, ফরাজী হাসপাতালের চেয়ারম্যান ডা. আনোয়ার ফারাজী এবং রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান।

দুইদিন ব্যাপী অনুষ্ঠানের প্রথম দিনে সকালে উপাচার্য মহোদয়ের নেতৃত্বে একটি র্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে, পরবর্তীতে কেন্দ্রীয় মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। উল্লেখ্য আগামীকাল শান্ত চত্বরে রয়েছে দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান।